# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 30 March, 2025

কুড়িগ্রামের চিলমারীতে ব্রহ্মপুত্র নদে জেলের জালে ধরা পড়েছে ৯৫ কেজি ওজনের একটি বাঘাআইড়।যার বিক্রিত মূল্য ১ লক্ষ ৪২ হাজার ৫০০ টাকা।

রোববার(৩০ মার্চ) দুপুরে ব্রহ্মপুত্র নদে চিলমারী এক জেলের ফাঁসি জালে মাছটি ধরা পড়ে পরে সত্যতা নিশ্চিত করেছেন ঘাট হাওয়ালদার ফুল মিয়া।পরে মাছ টি কেটে বিক্রেয় করা হবে বলে জানান তিনি।এ সময় মাছটিকে ঘিরে উৎসুক মানুষ ভিড় জমান।

সেখানে ১ হাজার ৫০০ টাকা কেজি দরে মাছটি কেটে বিক্রি করা হয় বলে জানান ফুলমিয়া।

তিনি জানান, রোববার বিকালে স্থানীয় বাজারে মাছটি কেটে কেজি করে বিক্রি করা হবে।মাঝে মাঝে এরকম বড় মাছ ধরা পড়লে তারাখুব লাভবান হতে পারবেন।ব্রহ্মপুত্র নদে ৯৫ কেজি ওজনের বাঘাআইর মাছে পেয়ে জেলে অনেক খুশি হয়েছেন।

চিলমারী উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ বদরুজ্জামান মিঞা জানান, চিলমারীতে মাঝে মধ্যে বিভিন্ন জাতের বড় বড় মাছ ধরার খবর আসে।এতে বোঝা যায়, এ উপজেলার নদ-নদী এখনও মৎস্য সম্পদে সমৃদ্ধ।

জেলে জাল বাঘাআইড়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:29

URL: https://www.timestodaybd.com/rangpur/71549210